22 MAY 2016
তারিখ 23 MAY 2016
পৃষ্ঠা ... ৪ ... কলাম ...

সমকাল

# শিক্ষকদের ভোগান্তি কমাতে বরাদ্দ বৃদ্ধি পাবে : শিক্ষামন্ত্রী

■ সমকাল প্রতিবেদক

বেসরকারি এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের অবসরকালীন ও কল্যাণ সুবিধা পাওয়ার ক্ষেত্রে ভোগান্তি কমাতে সরকার এ খাতে সাড়ে ৬০০ কোটি টাকা বরাদ্দ দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। এর মধ্যে অবসরকালীন সুবিধার জন্য ৫০০ কোটি টাকা 'সিডমানি' ও ১০০ কোটি টাকা থোক হিসেবে দেওয়া হচ্ছে। আর কল্যাণ সুবিধার জন্য থোক বরাদ্দ দেওয়া হচ্ছে ৫০ কোটি টাকা। এ ছাড়া এই খাতে শিক্ষক-কর্মচারীদের কাছ থেকে কেটে নেওয়া মাসিক টাকার পরিমাণও বাড়ানো হচ্ছে।

গতকাল শনিবার রাজধানীর ঢাকা শিক্ষক প্রশিক্ষণ কলেজে (টিটিসি) হজে যেতে ইচ্ছুক অবসরপ্রাপ্ত বেসরকারি শিক্ষক-কর্মচারীদের অবসর ও কল্যাণ সুবিধার চেক প্রদান অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এ কথা বলেন। অনুষ্ঠানে অবসরে যাওয়া এক হাজার ৩৭ জনকে অবসর ও কল্যাণ সুবিধার জন্য ৪৯ কোটি ৪১ লাখ ৪৮ হাজার টাকার চেক দেওয়া হয়।

নাহিদ বলেন, অবসরগ্রহণকারী বেসরকারি শিক্ষকদের আর্থিক পাওনা যথাসময়ে পরিশোধ করতে দেশের বাণিজ্যিক ব্যাংকগুলোর অর্থ সহায়তা নিয়ে একটি তহবিল গঠনের উদ্যোগ নেওয়া হয়েছে। এ ছাড়া শিক্ষকদের মাসিক বেতন থেকে চাঁদার হারও বৃদ্ধি করা হচ্ছে। বর্তমানে একজন শিক্ষক প্রতি মাসে বেতনের চার ভাগ অবসর সুবিধা বোর্ডে এবং দুই ভাগ কল্যাণ ট্রাস্টে চাঁদা হিসেবে দিয়ে থাকেন। এ হার যথাক্রমে ছয় ভাগ ও চার ভাগ করা হচ্ছে।